

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 24-12-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**President Murmu-INS Vaghsheer:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কর্ণাটকের কারওয়ার নোয়াঁটিতে ভারতীয় নৌবাহিনীর দেশীয় প্রযুক্তিতে নির্মিত কালভারি শ্রেণির সাবমেরিন আইএনএস ভাগশিরে চড়ে গতকাল সমুদ্রযাত্রায় অংশ নেন। সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক রাষ্ট্রপতি যখন পশ্চিম উপকূলে এই সমুদ্রযাত্রায় অংশ নিচ্ছিলেন, তখন নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে. ত্রিপাঠী তাঁর সঙ্গে ছিলেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কালভারি শ্রেণির সাবমেরিনে প্রথম দু'ঘন্টার সমুদ্রযাত্রা এবং ভারতের কোন রাষ্ট্রপতির দ্বিতীয়বারের অভিজ্ঞতা। এর আগে ২০০৬ সালে তৎকালীন রাষ্ট্রপতি ডঃ এপিজে আবদুল কালাম বিশাখাপত্তনমে একটি সাবমেরিনে আরোহণ করেছিলেন।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের সার্বিক উন্নয়নে প্রবাসী ত্রিপুরাবাসীদের সহযোগিতা ও অংশগ্রহণের উপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল আগরতলায় একটি বেসরকারি হোটেলে প্রবাসী

ত্রিপুরাবাসী সামিটে অংশগ্রহণ করে একথা বলেন তিনি। প্রবাসী ত্রিপুরাবাসীদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, নতুন ত্রিপুরা গড়ার স্বপ্ন বাস্তবায়িত করতে বড় কান্ডারী হচ্ছেন প্রবাসীরা। তিনি ত্রিপুরার প্রাকৃতিক সম্পদ কাজে লাগিয়ে শিল্প গড়ার ক্ষেত্রে প্রবাসীদের ভূমিকা নেওয়ার আহ্বান জানান। এই সামিটে ৭৫ জন প্রবাসী ত্রিপুরাবাসী অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### **PM-Mann ki baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ‘অপারেশন সিন্দুর’-কে প্রত্যেক ভারতীয়ের জন্য গর্বের প্রতীক হিসেবে অভিহিত করেছেন এবং বলেছেন, বিশ্বের সামনে এই অভিযান জাতীয় নিরাপত্তা বিষয়ে দেশের আপসহীন অবস্থানকে তুলে ধরেছে। প্রধানমন্ত্রী গতকাল প্রতি মাসের ‘মন কি बात’ অনুষ্ঠানে দেশবাসীকে একথা বলেন। চলতি বছরের শেষ ‘মন কি बात’ অনুষ্ঠানে দেশের অর্জনগুলোর কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, ২০২৫ সালে জাতীয় নিরাপত্তা, খেলাধুলা, বৈজ্ঞানিক উদ্ভাবন এবং বিশ্বের বৃহত্তম মঞ্চগুলোতে দেশের প্রভাব স্পষ্টভাবে দৃশ্যমান ছিল। তিনি এই অনুষ্ঠানে স্বদেশিয়ানায় দেশের মানুষের উৎসাহ, যুব অংশের জন্য বিকশিত ভারত সংক্রান্ত পদক্ষেপ- ‘বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগ’, অ্যান্টিবায়োটিকের যথাযথ ব্যবহার না হওয়ার বিপদসহ আরও বিভিন্ন ইতিবাচক বিষয়ে প্রধানমন্ত্রী নিজের মনের কথা দেশবাসীর সামনে তুলে ধরেন।

\*\*\*\*\*

### **CM- Maan ki Baat :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সিমনার হেজামারা কমিউনিটি হলে গতকাল প্রধানমন্ত্রীর 'মন কি বাত' অনুষ্ঠান শোনে। পরে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত' রেডিওর মতো ঐতিহ্যবাহী মাধ্যমে দেশের প্রত্যন্ত কোণে পৌঁছে যাচ্ছে, যা জনসংযোগ এর জন্য একটি শক্তিশালী প্ল্যাটফর্ম গড়ে তুলতে সক্ষম হয়েছে। তাছাড়া, এর মাধ্যমে সাধারণ নাগরিকদের সাথে সরাসরি যোগাযোগ করা, সামাজিক বিষয়গুলিতে যেমন স্বচ্ছতা, নারী ক্ষমতায়ন, স্বনির্ভর ভারত, সচেতনতা বৃদ্ধি করা সম্ভব হচ্ছে।

\*\*\*\*\*

### **Industries and commerce fair :**

২০২৬ এর ২৯ জানুয়ারি থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে ৩৬তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা। চলবে আগামী ১২ ফেব্রুয়ারি পর্যন্ত। গতকাল গোখাঁবস্তিতে সাংবাদিক সম্মেলনে এই খবর জানিয়েছেন রাজ্য শিল্প উন্নয়ন নিগমের বোর্ড অফ ডাইরেক্টর মিহির সরকার। তিনি জানান, এই বছর মেলায় ৩৯০ টি স্টল বন্টন করা হবে। অনলাইনে আজ থেকে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত স্টল বুকিং করতে পারবেন রাজ্য ও বাইরের শিল্প প্রতিষ্ঠান ও ব্যবসায়ীরা। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য নিগমের

ও.এস.ডি. সুব্রত কুমার দাস, টিআইডিসিএলের স্পেশাল অফিসার  
অনির্বাণ দত্ত, ম্যানেজার কর্ণময় দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

#### **B.B. SEN :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য গতকাল  
দুপুরে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। সকাল দশটা নাগাদ বিশ্ববন্ধু  
সেনের মরদেহ ধর্মনগরে জয়হিন্দ রোডের নিজ বাড়ি থেকে নিয়ে  
যাওয়া হয় রামঠাকুর আশ্রমে। এরপর পদ্মপুরে বিজেপি'র উত্তর  
জেলা কার্যালয়ে শেষ শ্রদ্ধা জানান শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা  
ও বিজেপি নেতৃবৃন্দ। গোল্ডেন ভ্যালি স্কুলের মাঠে সাধারণ জনগণ  
শেষ শ্রদ্ধা জানান। ধর্মনগর শ্মশানঘাটে জেলা পুলিশ প্রশাসনের পক্ষ  
থেকে গান স্ট্রালুট দেয়া হয়।

\*\*\*\*\*

#### **MANIPURI-STUDENT YOUTH ORGANIZATION :**

ত্রিপুরা মনিপুরী ছাত্র-যুব সমন্বয় কমিটির [টিএমসাই(কা)]- উদ্যোগে  
গতকাল আগরতলার রাধা মাধব মন্দির প্রাঙ্গণ থেকে এক পদযাত্রা শুরু  
হয়ে বিভিন্ন পথ পরিভ্রমণ করে।

সংগঠনের সভাপতি টি. ধীরেন সিংহ জানিয়েছেন, চার দফার দাবিতে  
এই পদযাত্রার আয়োজন করা হয়। দাবিগুলির মধ্যে রয়েছে—  
স্বশাসিত মনিপুরী উন্নয়ন পরিষদ গঠন, শিক্ষা, চাকরি ও জনপ্রতিনিধিত্ব

সহ সকল ক্ষেত্রে সংখ্যানুপাতিক সংরক্ষণ চালু করা, সংবিধানের ধারা ২৪৭ ও ৩৫০(ক) অনুযায়ী মাতৃভাষার সাংবিধানিক স্বীকৃতি প্রদান এবং মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা কার্যকর করা।

\*\*\*\*\*

### **Gita Jayanti-Kalyanpur**

খোয়াই জেলার কল্যাণপুর বাজারে গতকাল দুইদিন ব্যাপী "গীতা জয়ন্তী" উৎসবের সূচনা হয় ছয় বছরের বিস্ময় বালক তথা ভক্ত ভগবত জীর হাত ধরে। সকালে ভোর কীর্তনের পর কল্যাণপুর বাজারে অস্থায়ী গীতা জয়ন্তীর মঞ্চে শুরু হয় গীতা পাঠ। সন্ধ্যায় স্থানীয় বিধায়ক পিনাকী দাস চৌধুরী সহ অনুরা উপস্থিত ছিলেন। জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে এই গীতা জয়ন্তী উৎসবে शामिल হতে দূরদূরান্ত থেকে বহু লোক সমাগম হয়।

\*\*\*\*\*

### **BLOOD DONATION :**

শ্রী শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের কল্লতরু উৎসব উদযাপনের অঙ্গ হিসেবে শহর দক্ষিণাঞ্চল কল্লতরু উৎসব কমিটির উদ্যোগে বাধারঘাটস্থিত কেশব সংঘ প্রাঙ্গণে গতকাল শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা ও এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন আখাউড়া রোডে রামকৃষ্ণ সারদেশ্বরী মঠের অধ্যক্ষ স্বামী সোমানন্দজী মহারাজ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার। শিবিরে মোট ১৪ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

## **Weather :**

রাজ্যের ছয় জেলায় ঘন কুয়াশার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২০ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন ১২ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

**৬.B.B. SEN :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য গতকাল দুপুরে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। সকাল দশটা নাগাদ বিশ্ববন্ধু সেনের মরদেহ ধর্মনগরে জয়হিন্দ রোডের নিজ বাড়ি থেকে নিয়ে যাওয়া হয় রামঠাকুর আশ্রমে। এরপর পদ্মপুরে বিজেপি'র উত্তর জেলা কার্যালয়ে শেষ শ্রদ্ধা জানান শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা ও বিজেপি নেতৃবৃন্দ। গোল্ডেন ভ্যালি স্কুলের মাঠে সাধারণ জনগণ শেষ শ্রদ্ধা জানান। ধর্মনগর শ্মশানঘাটে জেলা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে গান স্ট্রালুট দেয়া হয়।

রিপিট

মেঘধন